



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।


www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩.৬০১(৩)

তারিখঃ ১৫/১১/১৮খ্রিঃ

বিষয়ঃ মির্জাগঞ্জ উপজেলায় নতুন সমিতি গঠন ও সদস্য অন্তর্ভুক্ত না করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পটি বর্তমানে বিআরডিবি'র ব্যবস্থাপনায় কর্মসূচি আকারে চলমান রয়েছে। আপনার উপজেলায় প্রকল্পের কার্যক্রম পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, সদস্য বাছাই ও সমিতি গঠন যথাযথ না হওয়ায় ক্রমাগত কিস্তি খেলাপিসহ মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। খেলাপি ঋণের পরিমাণ হ্রাসকল্পে বার বার নির্দেশনা দেয়া সত্ত্বেও খেলাপি ঋণের পরিমাণ না কমে উপরন্তু বৃদ্ধি পাচ্ছে। এতে প্রতীয়মান হয় যে, সদস্য বাছাই, সমিতি গঠন, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে না। তাই এখন থেকে প্রকল্প সদর দপ্তরের অনুমোদন ব্যতীত কোন নতুন সমিতি গঠন ও সদস্য অন্তর্ভুক্ত করা যাবে না। উক্ত নির্দেশনা অমান্য করে কোন সমিতি/সদস্য অন্তর্ভুক্ত করে ঋণ প্রদান করা হলে এবং তা আদায় না হলে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে ইউআরডিও ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।


প্রকৌশলী মোহাম্মদ মাহমুদ আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপ্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, পটুয়াখালী।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
৭. অফিস নথি/গার্ড ফাইল।